

# ৫ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাগ্রত জুলাই কনসার্ট

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষে আগামী ৫ আগস্ট সন্ধ্যা ৭টায়

রাজু ভাস্কর্য প্রাঙ্গণে ‘জাগ্রত জুলাই’ শীর্ষক এক মনোজ্ঞ কনসার্ট অনুষ্ঠিত হবে।

জুলাইযোদ্ধাদের সাহসিকতার প্রতি শুদ্ধা প্রদর্শন এবং ঐক্যের বার্তা দিতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

এই কনসার্ট আয়োজন করেছে।

আরো পড়ুন

আ. লীগের আরো এক কেন্দ্রীয় নেতা গ্রেণ্ডার



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কনসার্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এ ছাড়া প্রো-ভাইস চ্যাম্পেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং প্রো-ভাইস চ্যাম্পেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তৃত্ব রাখবেন।

জাগ্রত জুলাই কনসার্ট আয়োজক কমিটির সভাপতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী এতে সভাপতিত্ব করবেন। কনসার্ট দেশের জনপ্রিয় ব্যান্ডসংগীত শিল্পীরা পারফর্ম করবেন।

